



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬



ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি./তথ্য ও জন./প্র.বি/২০০৯/৩৪৩

তাং- ২০ জুন ২০২৩ খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

মশামুক্ত ক্যাম্পাস গড়তে ফগার মেশিন কিনলো কুবি

মশামুক্ত ক্যাম্পাস গড়ার লক্ষ্যে একটি ফগার মেশিন কিনেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসন। মঙ্গলবার (২০ জুন) বিশ্ববিদ্যালয়ের গোল চত্বর সংলগ্ন একটি ডেলে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন স্প্রে করার মধ্য দিয়ে এ ফগার মেশিনটির উদ্বোধন করেন।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন বলেন, 'আমরা যাতে আমাদের ক্যাম্পাসটাকে মশামুক্ত রাখতে পারি এবং শিক্ষার্থীরা যাতে সুস্থ ও সুন্দর মন নিয়ে পড়ালেখা করতে পারে সেজন্য এ ফগার মেশিনের ব্যবস্থা করা হয়েছে। এটা আমাদের নিজস্ব তহবিল থেকে কিনা হয়েছে। আমাদের এ কার্যক্রম অব্যাহত থাকবে।'

তিনি আরো বলেন, 'আমাদেরকে আগে সিটি কর্পোরেশনের উপর নির্ভর করতে হতো। এখন আর সিটি কর্পোরেশনের দরকার পড়বে না। আমরাই আমাদের সমস্যা সমাধান করতে পারবো।'

এ সময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নওয়াব ফয়জুল্লাহ চৌধুরাণী হলের প্রাধ্যক্ষ জিল্লুর রহমান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোঃ আমিরুল হক চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের এস্টেট শাখা প্রধান মো. মিজানুর রহমান সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

উল্লেখ্য, ৫৯ হাজার ৫০০ টাকা খরচে এই ফগার মেশিন কিনেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সর্ধশ্রষ্ট নথি